# অনলাইনে কলেজে ভর্তির আবেদন শুরু

■ সমকাল প্রতিবেদক

কলেজগুলোতে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন মঙ্গলবার দুপুর ১২টা থেকে শুরু হয়েছে। চলবে ২৬ মে রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। শিক্ষা মন্ত্রণালয়ের পৃথক দুই বিভাগের সচিবের উপস্থিতিতে অনলাইনে ভর্তি কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়। এরপরই ভর্তিচ্ছুরা অনলাইনে www.xiclassadmission.gov.bd এই ওয়েবসাইট ও টেলিটক মোবাইল ফোন থেকে এসএমএসের মাধ্যমে আবেদন করতে শুরু করে। বিস্তারিত তথ্য ভর্তির জন্য নির্ধারিত ওয়েবসাইটেও দেওয়া হয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. মো. আশ্রাফাকুস সালেহীন গতকাল সমকালকে বলেন, দুপুর ২টা থেকে আবেদন নেওয়া শুরু হয়েছে। প্রথম আধঘণ্টায় দুই হাজারের বেশি আবেদন জমা পড়েছে।

এর আগে দুপুর ১২টায় ঢাকা শিক্ষা বোর্ডে গিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর এবারের ভর্তি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। গত রোববার জারি করা ভর্তি নীতিমালায় বলা হয়েছে, সব শিক্ষা প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে অনলাইনে শিক্ষার্থী ভর্তি করাতে হবে। অনলাইনের (www.xiclassadmission.gov.bd) পাশাপাশি টেলিটক মোবাইল থেকে এসএমএস করে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন করা যাচ্ছে।

এ বছর মাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থী ছাড়াও ২০১৫ ও ২০১৬ সালে এই পরীক্ষায় উত্তীর্ণরাও একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারবেন।